



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শামসুর রহমান কলেজ
গোসাইরহাট, শরীয়তপুর।
www.gsrc.edu.bd



Email: srcollege.ghat@gmail.com

স্মারক নং-৩৭.১০.৮৬৩৬.০০০.০৯.০০১.২৪-২৮৩

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি।


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৮.২০২৪-১৭৫৪ তারিখ ০২/০৯/২০২৪ এর মর্মে অনুমোদন ও আদেশ মোতাবেক সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর এর হোস্টেল ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে নিলামে বিক্রয় পূর্বক অপসারণের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
কলেজের উত্তর পার্শ্বে অবস্থিত একটি টিনশেড একেজো ভবন অপসারণ	সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর।	১৫ (পনেরো) দিন

- ১। সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুরের ক্যাম্পাসে বর্ণিত যে অবস্থায় আছে ঠিকাদার/ফার্মের মালিক তা সরজমিনে দেখে লেটারহেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সিলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দরের ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংকে বা পে-অর্ডারে অধ্যক্ষ সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।
- ৩। কৃতকার্য ঠিকাদার/ফার্ম কর্তৃক দাখিলকৃত দর কনডেমনেশন কমিটি কর্তৃক গৃহিত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য যে কোন তপসীলভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর এর বরাবর জমা দিতে হবে।
- ৪। দরপত্রের সঙ্গে দাখিলকৃত দর/মূল্যের উপর ৭.৫% হারে ভ্যাট, ৩% হারে অগ্রিম আয়কর এবং সরকারি বিধি মোতাবেক অন্যান্য কর (প্রযোজ্যক্ষেত্রে) আলাদাভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে অধ্যক্ষ সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর এর বরাবর জমা দিতে হবে।
- ৫। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার/ফার্মকে ১৫ (পনেরো) দিনের মধ্যে ভবনটি ও যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৬। বর্ণিত ভবনটি অপসারণের সময় কলেজের কোন স্থাপনা বা কোন জিনিসের ক্ষতি সাধন করা যাবে না। কোন রূপ ক্ষতি সাধিত হলে ঠিকাদার/ফার্ম ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদির লাইন আগে থেকেই বিচ্ছিন্ন করতে হবে। কোন প্রকার বিস্ফোরক ব্যবহার করা যাবে না।
- ৭। দরপত্রের সাথে দরতাদা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ কিংবা বাতিল করতে পারবেন।
- ৯। নিলামে কৃতকার্য ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে জামানত স্বরূপ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ১০। ভবন ভাঙ্গার সময় যদি কোন ব্যক্তি আঘাত প্রাপ্ত হন বা জীবন হানি ঘটে সে জন্য কর্তৃপক্ষ কোন ভাবে দায়ী হবে না।
- ১১। দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় : ২৫/০৯/২০২৪ থেকে ০২/১০/২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা। (সরকারি ছুটির দিন ব্যতীত)
- ১২। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় : ০২/১০/২০২৪ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা।
- ১৩। দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : অধ্যক্ষের কার্যালয়, সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর।
০২/১০/২০২৪ দুপুর ০২.৩০ ঘটিকা।
- ১৪। সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান : অধ্যক্ষের কার্যালয়, সরকারি শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর।
- ১৫। সিডিউল মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা অফেরৎ যোগ্য।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
(বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের সরকারি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর।
(বিজ্ঞপ্তি সরকারি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শরীয়তপুর।
(বিজ্ঞপ্তি সরকারি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
(বিজ্ঞপ্তি সরকারি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। মাধ্যমিক শিক্ষা অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর।
- ৭। অফিস নথি।


মোঃ ফজলুল হক ২২/৯/২৪
বিসিএস (সাধারণ শিক্ষা)
আইডি নং-১৯০২
অধ্যক্ষ
সরকারি শামসুর রহমান কলেজ
গোসাইরহাট, শরীয়তপুর।
মোবাইল : ০১৩০৯১১৩৫৭৫